

প্রেস রিলিজ

আজ ০৭-০৯-২০২১খ্রি. তারিখ মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক '২০২০-২০২১' অর্থবছরে আয়োজিত রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ ও নব-যোগদানকৃত কর্মচারীগণের ওরিয়েন্টেশন কর্মসূচীর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব জনাব তপন কান্তি ঘোষ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যমণ্ডলী, কর্মকর্তা-কর্মচারীগণ, পুরস্কার বিজয়ী প্রতিযোগী ও তাদের অভিভাবকবৃন্দ। অনুষ্ঠানের সার্বিক সঞ্চালনায় ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের উপপরিচালক জনাব সারাওয়াত মেহজাবীন। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন স্বাগত বক্তব্যে বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে শুভেচ্ছা জানান এবং কমিশনের সমৃদ্ধির লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের দিক নির্দেশনা ও সহযোগিতা কামনা করেন।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে মহান স্বাধীনতা যুদ্ধে সকল শহীদ ও বীরাজনাদের প্রতি শ্রদ্ধা জানান। বাংলাদেশের সকল মানুষের জীবন মানের উন্নয়নে প্রতিযোগিতা কমিশনের গুরুত্ব তুলে ধরে তিনি বাজার ব্যবস্থার ইতিহাস জানার জন্য সকলকে আহ্বান করেন। তিনি আরও বলেন, এটি একটি সাংস্কৃতিক ও মানসিক বিষয়। বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে যথাযথ দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান।

সমাপনী বক্তব্যের শুরুতেই অনুষ্ঠানের সভাপতি জনাব মোঃ মফিজুল ইসলাম বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি রচনা প্রতিযোগিতায় বিজয়ী সকলকে অভিনন্দন জানান ও তাদের সাফল্য কামনা করেন। তিনি টেকসই অর্থনৈতিক উন্নয়নের চ্যালেঞ্জ মোকাবেলায় কমিশনের দায়িত্ব ও কর্তব্যের বিষয়সমূহ উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন, বাজার যদি প্রতিযোগিতামূলক না হয়, কাঙ্ক্ষিত উন্নয়ন হবে না। অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করার অন্যতম প্রধান দায়িত্বই বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বলে তিনি উল্লেখ করেন।

এছাড়াও নব-যোগদানকৃত কর্মকর্তা-কর্মচারীদের নিজ দায়িত্বের প্রতি শ্রদ্ধাশীল থাকার জন্য নির্দেশনা দেন। অনুষ্ঠানের অন্যান্যদের মধ্যে কমিশনের বিজ্ঞ সদস্য জনাব ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, রচনা প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয় পর্যায়ের প্রথম স্থান অধিকারী জনাব মোঃ সাইফুর রহমান, কলেজ পর্যায়ের প্রথম স্থান অধিকারী জনাব ঈষিকা অরুণিমা এবং নবযোগদানকৃত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে জনাব শেখ রুবেল ও জনাব মোঃ কবির হোসেন বক্তব্য দেন। জনাব শেখ রুবেল তার বক্তব্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সমৃদ্ধির জন্য যথাযথ দায়িত্ব পালনে তারা প্রতিজ্ঞাবদ্ধ বলে উল্লেখ করেন। প্রধান অতিথি কর্তৃক রচনা বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ ও নবযোগদানকৃত কর্মচারীগণের মাঝে ওরিয়েন্টেশন কর্মসূচী সমাপনী সনদ প্রদানের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।